



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৮/সি, আগারগাঁও, শেরেবাংলানগর
ঢাকা-১২০৭।
(Website: www.bteb.gov.bd)



স্মারক: ৫৭.১৭.০০০০.১০৫.৪০.০০৪.২২.৩০৮

তারিখ: ৩১-০৫-২০২২ খ্রি.

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে জেএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রম পরিচালিত প্রতিষ্ঠান প্রধানদের নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী ২০২২ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের অনলাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শিক্ষার্থীর ভর্তির যোগ্যতা: কোন অনুমোদিত বিদ্যালয়/মাদ্রাসা/কারিগরি প্রতিষ্ঠান হতে প্রাথমিক/ইবতেদায়ী/সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ সাধারণ/মাদ্রাসা/কারিগরি শিক্ষা ধারায় ৭ম শ্রেণি উত্তীর্ণ।

১. Online-এ ডাটা এন্ট্রির সময়সূচি: ৩১-০৫-২০২২ হতে ১১-০৬-২০২২ পর্যন্ত।
২. ফাইনাল কপি (হার্ড কপি) প্রিন্টের সময়সূচি: ১৪-০৬-২০২২ হতে ১৮-০৬-২০২২ পর্যন্ত।
৩. ফিসের বিবরণ: রেজিস্ট্রেশন ফি ১৪২.০০ (একশত বিয়াল্লিশ) টাকা প্রতি শিক্ষার্থী। এন্ট্রিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এর অনুকূলে সোনালী সেবা/সোনালী পেমেন্ট গেটওয়ের মাধ্যমে ২২-০৬-২০২২ থেকে ৩০-০৬-২০২২ খ্রি. এর মধ্যে পরিশোধ করতে হবে। [উল্লেখ্য, এই ফিস শুধু ২০২২ শিক্ষাবর্ষের জন্য প্রযোজ্য হবে।]
৪. রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ করার সময় রেজিস্ট্রেশন ফি জমা দেয়ার প্রমাণক হিসেবে ব্যাংক জমা রশিদ এর মূলকপি অবশ্যই প্রদর্শন করতে হবে।
৫. ২০২১-২২ অর্থ বছর পর্যন্ত প্রতিষ্ঠানের অ্যাফিলিয়েশন ফি পরিশোধের প্রমাণপত্রের ফটোকপি জমা দিতে হবে।
৬. নির্ধারিত তারিখের মধ্যে রেজিস্ট্রেশন কার্য সম্পন্ন করতে না পারলে সমুদয় দায় প্রতিষ্ঠান প্রধানের উপর বর্তাবে।
৭. প্রতিটি প্রতিষ্ঠানের ৮ম শ্রেণিতে ০২ টি সেকশনে ৬০ জন করে সর্বোচ্চ ১২০ (একশত বিশ) জন শিক্ষার্থীর বেশি রেজিস্ট্রেশন করা যাবে না।
৮. রেজিস্ট্রেশন কার্ড উত্তোলনের সিডিউল পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।
৯. ইতোপূর্বে সংশ্লিষ্ট বিষয়ে প্রকাশিত বিজ্ঞপ্তি বাতিল হিসেবে গণ্য করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

[বিশেষ দৃষ্টব্য: জরুরী প্রয়োজনে ০১৫৫০৬২০৬০৪, ০১৫৫২৪৮২৭৭৪ ও ০১৫৩৩৪৯২৮৪১ নম্বরে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করা যাবে।]

(মোহাম্মদ আবদুল্লাহ আল মাহসুদ জামান)
সচিব
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

স্মারক: ৫৭.১৭.০০০০.১০৫.৪০.০০৪.২২.৩০৮ (১০)

তারিখ: ৩১-০৫-২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

- ১-৫. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশসহ প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদানের অনুরোধ করা হলো)।
৭. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ভোক), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. কারিকুলাম বিশেষজ্ঞ (ভোক), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. সংশ্লিষ্ট নথি।

(প্রকৌ. মোঃ আব্দুল হান্নান)

উপ সচিব (রেজিস্ট্রেশন)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ০২-৫৫০০৬৫৩৬